

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১১.০৪২.১৯ - ১৩৩

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৬
২১ এপ্রিল ২০১৯

বিষয়: দীগনডুঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়, দীগনডুঙ্গা, ফেনী এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.০৫.২০১৮/২৭৪৮; তারিখ: ০৩/১২/২০১৮ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/চট্টগ্রাম/১৩১৩-এস/চট্ট:২৩০; তারিখ: ৩১/০৮/২০১৭ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ২৫/০২/২০১৭ খ্রি. ফেনী জেলার দীগনডুঙ্গা উপজেলাধীন দীগনডুঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয় পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাব পর্যালোচনায় প্রতিবেদনের নিম্নবর্ণিত বিষয়সমূহ অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:


- প্রতিষ্ঠানের নিজস্ব জমির পরিমাণ অপ্রতুল;
- ফাইল রেজিস্টার, স্টক রেজিস্টার, ডিমান্ড এন্ড রিসিপ্ট রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার চালু নেই;
- ক্রয় কমিটি নেই;
- অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক প্রতি তিন মাস অন্তর নিরীক্ষা করা হয় না;
- ক্রমিক নম্বর অনুযায়ী ভাউচার সমূহ বছরওয়ারি গার্ড ফাইলে সংরক্ষণ করা হয় না;
- স্টক টেকিং কমিটি নেই এবং বছর শেষে স্টক টেকিং করা হয় না।

০২। উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে নির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার নিমিত্ত প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

[দৃ:আ: উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর]


২১/৪/১৭

(মোঃ রাহেদ হোসেন)

উপসচিব (অভ্যন্তরীণ নিরীক্ষা)

ফোনঃ ৯৫৪৬১০৭

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। জেলা শিক্ষা অফিসার, ফেনী
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দীগনডুঙ্গা, ফেনী
- ৬। প্রধান শিক্ষক, দীগনডুঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়, দীগনডুঙ্গা, ফেনী
- ৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। যুগ্মসচিব (নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।